

প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী

জরিপের একটি সংক্ষিপ্তসার পেতে এবং ফলাফলগুলি কীভাবে ব্যবহার করা হবে তার জানতে অনুগ্রহ করে শুরুতে থাকা অংশগ্রহণকারীর তথ্যপত্র দেখুন। এই পৃষ্ঠায় জরিপ সম্পর্কিত প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী সম্পর্কে আরও কিছু তথ্য রয়েছে।

আপনারা কেন এই জরিপটি করছেন?

আমরা তা জানতে চাই কোভিড-19 মহামারী এবং লকডাউন ইংল্যান্ড, স্কটল্যান্ড এবং ওয়েলসের জাতিগত সংখ্যালঘু লোকজনদের কিভাবে প্রভাবিত করেছে। এই জরিপটি আরও ব্যাপক পরিসরের জনসাধারণের মধ্যে করা হচ্ছে যাতে আমরা বিভিন্ন গ্রুপের লোকজনের দৃষ্টিভঙ্গি বুঝতে পারি।

কারা এই জরিপ করছে?

দ্য এভিডেন্স ফর কোয়ালিটি ন্যাশনাল সার্ভে (The Evidence for Quality National Survey) জরিপটি ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের সেন্টার অব ডায়নামিক্স অব এথনিসিটি (Centre of Dynamics of Ethnicity)-র পক্ষে Ipsos MORI নামের একটি স্বতন্ত্র জরিপ সংস্থা কর্তৃক পরিচালিত হচ্ছে।

CoDE হলো পরিবর্তনশীল জাতিগত বৈষম্য ও পরিচয় অনুধাবনের সাথে সম্পর্কিত চার বছর মেয়াদী আন্তঃবিভাগীয় গবেষণা কার্যক্রম। আরও তথ্যের জন্য দেখুন:

<https://www.cmi.manchester.ac.uk/research/projects/code/>

আমি কীভাবে অংশ নিতে পারি?

আপনি মূল জরিপে অংশগ্রহণের উপযুক্ত কি-না তা জানতে আপনি এখানে [hyperlink:

<https://surveys.ipsosinteractive.com/surveys/?p=jZt9VfdUz0lpKjKSVU19dx7XQuIvdP%2bHMIFDym51OKg3UL40L4YcPmzT3Zhgs2XRRcsH3f9aYbvF9XZJqv9RXf%2f2dIVd2Xvs3qZdmM5qxS4%3d&id=partxt est> ক্লিক করে নিবন্ধনের জরিপে অভিগম্যতা পাবেন

আমাকে কি অনলাইনে অংশগ্রহণ করতে হবে?

না, আপনি 0808 1296800 নম্বরে কল করে এবং ফিরতি কল করার অনুরোধ জানিয়ে একটি বার্তা রেখে (এটির জন্য সহায়ক পৃষ্ঠার 'যোগাযোগ' অংশটি দেখুন) টেলিফোনেও অংশ নিতে পারেন।

হেল্পলাইনে কল করার খরচ কত?

হেল্পলাইন নম্বরগুলো সম্পূর্ণ বিনামূল্যে।

আমাকে কি সব প্রশ্নের উত্তর দিতে হবে?

এই প্রশ্নগুলোর উত্তর দেওয়া সম্পূর্ণ ঐচ্ছিক, তাই আপনাকে তা করতে হবে না। আমরা আশা করি আপনি অংশ নেবেন, কারণ এটি আমাদের সম্ভাব্য সেবা ধারণা প্রদান করবে। প্রশ্নগুলোর উত্তরের সাথে "জবাব দিতে চাই না" বিকল্পটিও দেওয়া থাকবে, চাইলে সেটিও নির্বাচন করতে পারবেন।

আমি কি অন্য কোনো ভাষায় জরিপটি সম্পূর্ণ করতে পারি?

জরিপের শুরুতে পছন্দমতো একটি ভাষা নির্বাচন করে আপনি 13টি বিকল্প ভাষাতেও জরিপটি সম্পূর্ণ করতে পারেন (অনুগ্রহ করে মনে রাখবেন যে, বিভিন্ন ভাষায় জরিপের বিকল্পগুলো তাৎক্ষণিকভাবে উপলব্ধ নাও হতে পারে)। টেলিফোন জরিপ অন্য কোনো ভাষাতেও সম্পন্ন করা যাবে। ভাষার

বিকল্পগুলির মধ্যে রয়েছে আরবি, বাংলা, চিনা, গুজরাটি, পোলিশ, পর্তুগিজ, পাঞ্জাবি: গুম্বুখী, পাঞ্জাবি: শাহমুখী, রোমানিয়ান, সোমালি, তুর্কি, উর্দু এবং ওয়েলস।

আমি কীভাবে আমার গিফট ভাউচার দাবি করব?

আপনি সম্পূর্ণ জরিপটি শেষ করার পরে গিফট ভাউচারটি আপনাকে স্বয়ংক্রিয়ভাবে পাঠিয়ে দেওয়া হবে। জরিপ শেষ হওয়ার 2 সপ্তাহের মধ্যে যদি আপনি আপনার ভাউচারটি না পেয়ে থাকেন, তাহলে অনুগ্রহ করে '20-089809-01 - EVENS survey voucher' উল্লেখপূর্বক epanel-uk@i-say.com ইমেইল ঠিকানায় যোগাযোগ করুন।

আমার দেওয়া তথ্য জরিপে কীভাবে ব্যবহৃত হবে?

তথ্য কীভাবে ব্যবহৃত হবে এবং তথ্য সুরক্ষার কার্যপ্রণালী সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে অংশগ্রহণকারীর তথ্যপত্র (যা এই সহায়ক পৃষ্ঠায় পাওয়া যাবে) দেখুন।

অনলাইনে জরিপ সম্পন্ন করার সময় আমি কি বিরতি নিয়ে তা করতে পারবো?

হ্যাঁ, অনলাইনে জরিপ সম্পন্ন করার সময় আপনার অগ্রগতি স্বয়ংক্রিয়ভাবে সংরক্ষিত হবে। আপনি আপনার জরিপের ব্রাউজার উইন্ডোটি যখন ইচ্ছা বন্ধ করতে পারবেন - আপনার অগ্রগতি সংরক্ষিত হবে। আপনি যখন আবার জরিপ শুরু করতে প্রস্তুত হবেন তখন আপনাকে পাঠানো লিঙ্কে ক্লিক করেই জরিপের পৃষ্ঠায় ফিরে যেতে পারবেন।

আমাকে কেন আমার পোস্টকোড ও জন্মতারিখ দিতে বলা হয়েছে?

গবেষণাতে যাতে ব্যাপক পরিসরের লোকজনের মতামত প্রতিফলিত হয় তা নিশ্চিত করতে এই তথ্যাদি সংগ্রহ করা হয়, যেমন: বিভিন্ন বয়সের এবং বিভিন্ন ভৌগলিক অঞ্চলে বসবাসকারী লোকজন। আপনি না চাইলে আপনাকে এই প্রশ্নের উত্তর দিতে হবে না।

গবেষণার উদ্দেশ্য এবং তথ্যের ব্যবহার সম্পর্কে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে অংশগ্রহণকারীর তথ্যপত্র দেখুন। তথ্যের গোপনীয়তা সম্পর্কে আরও তথ্য ম্যানচেস্টার বিশ্ববিদ্যালয়ের গোপনীয়তা বিজ্ঞপ্তি এবং Ipsos MORI গোপনীয়তা বিজ্ঞপ্তি -এ পাওয়া যাবে। Ipsos MORI-এর তথ্য পৃষ্ঠায় উত্তর না দেওয়া এমন কোনও অতিরিক্ত প্রশ্নের জন্য অনুগ্রহ করে ইমেইল করুন: evenssurvey@ipsos-mori.com